



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আই.সি.টি.'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
কক্ষ নং-১২২, শিক্ষা ভবন (১ম ব্লক), ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০, ফোন: ৪১০৫০১০৫-০৬  
Web: [www.ictedu.gov.bd](http://www.ictedu.gov.bd), E-mail: [pd-ict@dshe.gov.bd](mailto:pd-ict@dshe.gov.bd)



স্মারক নং: মাউশি/আইসিটিপি-২/৬৯/২০১৭/৪৫

তারিখ- ১৪/০২/২০১৯ খ্রি:

**বিষয়: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষকগণের জন্য BTT (Basic Teachers' Training) এবং Head of the Institutes' Training (HIT)/Assistant Head of the Institutes' Training (AHIT) কার্যক্রম বাস্তবায়ন প্রসংগে।**

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন আইসিটি'র মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষার প্রচলন প্রকল্প (২য় পর্যায়) এর দুটি গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ কার্যক্রম i) BTT (Basic Teachers' Training) ii) প্রতিষ্ঠান প্রধান (HIT) এবং সহকারী প্রতিষ্ঠান প্রধানগণের জন্য (AHIT) প্রশিক্ষণ আগামী ২ মার্চ ২০১৯ খ্রি: হতে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, ১৪টি সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ, ৫টি উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট ও মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসহ মোট ২১টি ভেন্যুতে একযোগে শুরু হবে। উল্লিখিত প্রশিক্ষণ মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম বাস্তবায়নে এবং শ্রেণি পাঠদান আকর্ষণীয় করতে সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে। ইতোমধ্যে জেলা শিক্ষা কর্মকর্তাদের মাধ্যমে উক্ত দুটি প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থী শিক্ষকদের তালিকা প্রণয়ন এবং তা প্রশিক্ষণ ভেন্যুতে প্রেরণ করা হয়েছে। প্রকল্প কর্তৃক সরবরাহকৃত তালিকা হতে প্রশিক্ষণ ভেন্যু প্রধান প্রতি ব্যাচ ৩০ জন করে প্রশিক্ষণার্থীদের আহ্বান এবং প্রশিক্ষণ বাস্তবায়নের সমস্ত কার্যক্রম সম্পন্ন করবেন। প্রকল্প দলিল মোতাবেক BTT কোর্স সম্পন্নকারী শিক্ষকগণ পরবর্তীতে ৫টি শিক্ষা প্রতিষ্ঠান নিয়ে গঠিত ১টি ক্লাস্টার কেন্দ্রে শিক্ষকদের ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করবেন যা জেলা/উপজেলা শিক্ষা কর্মকর্তা নিশ্চিত করবেন। প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট শিক্ষকগণকে নির্ধারিত প্রশিক্ষণে অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)

মহাপরিচালক

জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)

ফোন: ০২- ৯৫৫৩৫৪২

স্মারক নং: মাউশি/আইসিটিপি-২/৬৯/২০১৭/৪৫

তারিখ- ১৪/০২/২০১৯ খ্রি:

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, ঢাকা।
- ৪। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৫। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৬। পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৭। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (সকল)।
- ৮। অধ্যক্ষ, সরকারী টিচার্স ট্রেনিং কলেজ (সকল)।
- ৯। পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল)।
- ১০। অধ্যক্ষ, মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর(পত্রটি মাউশির ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ১২। সংরক্ষণ কপি।

 14/02/2019

(ড. মোঃ আবদুছ ছামাদ)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ-১)

ফোন: ০২-৪১০৫০১০১ এক্স ২১